

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভাঃ


সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখঃ ০৭/১২/২০২১ ইং

সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির তালিকাঃ

১। জনাব মোঃ আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী- সভাপতি-



২। চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী- সদস্য-

৩। চেয়ারম্যান, পোগলদিঘা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী- সদস্য-

৪। চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী- সদস্য-

৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী- সদস্য-

৬। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী- সদস্য সচিব-



অদ্য ০৭/১২/২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় জনাব মোঃ আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী মহোদয়ের সভাপতিত্বে সভার কার্যক্রম আরম্ভ হয়। সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণের পর আলোচ্য বিষয় সমূহের বিস্তারিত আলোচনা শুরু হয়।


১। দুধ খামারীদের তালিকা প্রণয়ন সম্পর্কিতঃ এ বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সদস্য সচিব স্থায়ী কমিটি এর প্রতিনিধি সভায় জানান যে, অত্র উপজেলার দুধ খামারীদের তালিকা প্রস্তুত পূর্বক ওডিকে ফ্রস চেকিং এর মাধ্যমে চূড়ান্ত করে উপর মহলে প্রেরণ করা হয়েছে। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের পক্ষ থেকে কোন নির্দেশনা পাওয়া যায় নি। নির্দেশনা পাওয়ার সাথে সাথে কার্যক্রম গ্রহণ করা হবে এবং এ ব্যাপারে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতার প্রস্তাব পেশ করেন। সভাপতি মহোদয় এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

২। ব্যাংক ঋণ প্রণোদনাঃ এ বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এর প্রতিনিধি সভায় জানান যে, কোভিড-১৯ উপলক্ষে খামারী/কৃষকদের মধ্যে প্রণোদনা হিসাবে অত্র উপজেলার বিভিন্ন ব্যাংক হতে এ পর্যন্ত ১২৩ জন খামারী/কৃষক ২৩৮৫০০০০/- টাকা ঋণ প্রদান করেছে। আর ও ঋণ প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে।

৩। APA কার্যক্রম সম্পর্কিতঃ APA কার্যক্রম সম্পর্কে বলতে গিয়ে বলেন যে, ২০২০-২১ অর্থবছরের ধার্যকৃত লক্ষ্যমাত্রা পূরণের জন্য APA কার্যক্রমের চলমান গতি আর ও জোড়দার করা হয়েছে এবং সিংহভাগ আইটেমের লক্ষ্যমাত্রা অর্জনসহ কিছু কিছু আইটেমের অর্জন লক্ষ্যমাত্রা অতিক্রান্ত হয়েছে। এ যাবত APA কার্যক্রমের অর্জন নিম্নরূপঃ গবাদি প্রাণির টিকা প্রদান-২৫৬৬৮ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান-২৬১১০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১৬৪২৯ টি, হাঁস-মুরগীর চিকিৎসা-৩৪৫৮৮ টি, কৃত্রিম প্রজনন-৪৭৫৫ টি, শংকর জাতের বাচ্চা জন্ম-১৮৬৪ টি। আর ও অন্যান্য কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী স্বাভাবিক ভাবে চলছে।

৪। মৎস্য সম্পদ বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রমঃ এ বিষয়ে মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে মৎস্য চাষ কার্যক্রম সহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সভাপতি

মোঃ আবুল কালাম আজাদ

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

সরিষাবাড়ী, জামালপুর।